রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ১৫, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১লা মাঘ ১৪০৪ বাং/১৪ই জানুয়ারী, ১৯৯৮ ইং

এস, আর, ও, নং ৫-আইন/৯৮।—Bangladesh Cha Sramik Kallyan Fund Ordinance, 1986 (LXII of 1986) এর section 15 এ প্রদত্ত ক্ষমতাবলে Bangladesh Cha Sramik Kallyan Fund এর Board of Management সরকারের অনুমোদনক্রমে, বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৮৮ বাতিলপূর্বক, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই প্রবিধানমালা বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Cha Sramik Kallyan Fund Ordinance, 1986 (LXII of 1986);

(খ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(গ) "তহবিল" অর্থ অধ্যাদেশের section 7 এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Cha Sramik Kallyan Fund;

(ঘ) "পরিবার" অর্থ—

(অ) শ্রমিক পুরুষ হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ, এবং শ্রমিক মহিলা হইলে, তাহার স্বামী;



মূল্যঃ টাকা ২.০০

(আ) শ্রমিকের আঠার বৎসরের কম বয়সের বৈধ সন্তান ও সৎ সন্তানগণ;

(ই) শ্রমিকের আঠার বৎসরের উর্ধ্ব বয়সের বৈধ সন্তান ও সৎ সন্তানগণ, যদি তাহারা শ্রমিকের সহিত একত্রে বসবাস করেন এবং তাহার উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল হন;

(ঈ) শ্রমিকের পিতা, মাতা, ভগ্নী, ভ্রাতা, পিতামহ, পিতামহী, মাতামহ, মাতামহী, পৌত্র, পৌত্রী, দৌহিত্র এবং দৌহিত্রীগণ, যদি তাহারা শ্রমিকের সহিত একত্রে বসবাস করেন এবং তাহার উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল হন;

(ঙ) "বোর্ড" অর্থ অধ্যাদেশের section 4 এর অধীন প্রতিষ্ঠিত Board of Management of the Bangladesh Cha Sramik Kallyan Fund;

(চ) "শ্রমিক" অর্থ বাংলাদেশের কোন চা বাগানে কর্মরত কোন চা শ্রমিক;

(ছ) "সচিব" অর্থ অধ্যাদেশের section 4 (2)(b) এর অধীন নিযুক্ত বোর্ডের Secretary;

(জ) "সদস্য" অর্থ অধ্যাদেশের section 4 (2) এর অধীন নিযুক্ত বোর্ডের কোন Member.

৩। **বোর্ডের সভা।**—(১) চেয়ারম্যানের সম্মতিক্রমে সচিব সভার স্থান, তারিখ ও সময় উল্লেখপূর্বক লিখিত নোটিশ দ্বারা প্রতি তিন মাসে কমপক্ষে একবার বোর্ডের সভা আহবান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রতি বৎসর জুন মাসের ২য় পক্ষে বোর্ডের বাজেট সভা অনুষ্ঠিত হইবে।

(২) বোর্ডের সভা সাধারণতঃ বোর্ডের অফিসে অনুষ্ঠিত হইবে।

(৩) কোরামের অভাবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না এবং উক্তরূপ মুলতবী সভা পরবর্তী সপ্তাহে একই দিনে, একই স্থানে এবং একই সময়ে অনুষ্ঠিত হইবে।

(৪) সভার কার্যবিবরণী ও যাবতীয় রেকর্ড সচিব সংরক্ষণ করিবেন।

৪। **সচিবের দায়িত্ব।**—চেয়ারম্যানের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ সাপেক্ষে, সচিব নিম্নোক্ত দায়িত্ব পালন করিবেন, যথা ঃ—

(ক) বোর্ডের সভা অনুষ্ঠানের জন্য নোটিশ জারীকরন;

(খ) বোর্ডের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন;

(গ) বোর্ডের নথিপত্র সংরক্ষণ;

(ঘ) চেয়ারম্যান কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব।

৫। **তহবিলের টাকা।**—চেয়ারম্যানের স্বাক্ষরিত অথবা চেয়ারম্যানের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত একজন সদস্য এবং সচিবের যৌথ স্বাক্ষরযুক্ত চেকের মাধ্যমে তহবিলের টাকা ব্যাংক হইতে উঠানো যাইবে।

৬। **মৃত্যু বা স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে থোক অনুদান।**—নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহের শ্রমিক নিজে অথবা, তাহার মৃত্যুর ক্ষেত্রে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ অথবা স্বামী উক্ত শ্রমিকের সর্বশেষ মজুরীর দুই মাসের সমপরিমাণ টাকা বা দুই হাজার টাকা, এতদুভয়ের মধ্যে যে পরিমাণ টাকা কম হইবে সেই টাকা তহবিল হইতে এককালীন থোক অনুদান পাইবেন, যথা ঃ—

(ক) বোর্ডের নির্ধারিত চিকিৎসক কর্তৃক যদি কোন শ্রমিক নিজ দায়িত্ব পালনে শারীরিক বা মানসিকভাবে স্থায়ীরূপে অক্ষম বলিয়া ঘোষিত হন এবং সেই কারণে চাকুরী হইতে অবসর প্রাপ্ত, অপসারিত বা অব্যাহতি প্রাপ্ত হন, অথবা

(খ) চাকুরীরত অবস্থায়, কিংবা চাকুরী হইতে অবসর গ্রহণ করিয়া থাকিলে অবসর গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মধ্যে যদি কোন শ্রমিক মৃত্যুবরণ করেন।

৭। **বিবাহ ও শিক্ষার জন্য কল্যাণ অনুদান।**—(১) মৃত, স্থায়ীরূপে অক্ষম বা চরম আর্থিক দুর্দশাগ্রস্ত কোন শ্রমিকের কন্যার বিবাহের জন্য বোর্ড তহবিল হইতে অনধিক চার হাজার টাকা কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে।

(২) চাকুরীরত, মৃত বা স্থায়ীরূপে অক্ষম কোন শ্রমিকের সন্তানদের শিক্ষার জন্য বোর্ড তহবিল হইতে মাসিক অনধিক দুইশত পঞ্চাশ টাকা হারে এবং বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং শিক্ষার ক্ষেত্রে আবাসিক ও অন্যান্য আনুষংগিক খরচ বাবদ মাসিক অনধিক দুই হাজার টাকা হারে, এক বৎসর মেয়াদের জন্য কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে, তবে কোর্স সমাপ্তির জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত অনুদান বার্ষিক ভিত্তিতে নবায়নযোগ্য হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা বা প্রশিক্ষণের জন্য বোর্ড তহবিল হইতে কোর্স ভিত্তিক অনধিক দশ হাজার টাকা কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে।

৮। **বিশেষ কল্যাণ অনুদান।**—বোর্ড তহবিল হইতে কোন শ্রমিককে বা তাহার পরিবারকে নিম্নোক্ত সকল বা যে কোন উদ্দেশ্যে উহাদের বিপরীতে উল্লিখিত অংকের অনধিক বিশেষ কল্যাণ অনুদান মঞ্জুর করিতে পারিবে, যথা ঃ—

| | |
|---|---|
| (ক) রক্ত প্রদানসহ ডাক্তারী চিকিৎসা (এককালীন) .. .. | ২,৫০০ |
| (খ) চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চশমা এবং শরীরের সহায়ক অন্যান্য সরঞ্জামাদি ক্রয়। .. | ১,৫০০ |
| (গ) দাফন বা অন্ত্যোষ্টিক্রিয়া .. .. .. | ১,০০০ |
| (ঘ) বিভিন্ন আঘাত বা দুর্ঘটনাজনিত কারণে ত্রাণ .. .. | ১,৫০০ |
| (ঙ) পাঠ্য পুস্তক ক্রয় (বাৎসরিক) .. .. | ৪,০০০ |
| (চ) চরম আর্থিক দুরবস্থাজনিত কারণে ত্রাণ (মাসিক) .. | ৫০০ |

৯। অনুদানের জন্য আবেদন।—বোর্ড কর্তৃক অনুমোদিত ফরমে এই প্রবিধানমালার অধীন যে কোন অনুদানের জন্য আবেদন করিতে হইবে।

বোর্ডের আদেশক্রমে,

**ব্রিগেডিয়ার এম, মকবুল হায়দার**
চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমল বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।